

২০২০

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্ত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) কবি শামসুর রহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতাটিতে উল্লেখিত দুইজন কবির নাম লেখো।
- খ) 'শামসুর রহমানের জন্য এলিজি' কার লেখা, কোন্ কবিতার অংশ? এলিজি শব্দের অর্থ লেখো।
- গ) 'তোমার দূরত্ব নিত্য আমার ক্রৌঞ্চ এর দিনে অব্যর্থ নিষাদ' কার লেখা কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাকাল লেখো?

[পরপৃষ্ঠায়]

- ঘ) “— সেদিন বলে গিয়েছিল আসবে বলে। সে আসে নাই” — উদ্ধৃতাংশটি কার লেখা কোন্ গল্পের অংশ? এখানে ‘সে’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ঙ) “হাসি তখনো চলছে, ওর মধ্যেই বললেন, ওর নাকি এই বয়সেই একটা ছেলে হয়ে গেছে।” — কার হাসির কথা বলা হয়েছে? ‘ওর’ - বলতে কাকে বোঝানো হয়েছে?
- চ) “আম্মা দরজা খোলো, দরজা খোলো।” — কার লেখা, কোন্ গল্পের অংশ? বক্তা কে?
- ছ) “তোমার জন্মের আগে থেকে চিনি বাবা, বহুত দিন থেকে চিনি।” — কে, কাকে একথা বলেছেন?
- জ) “সব সাঁচ মিলে সো সাঁচ হৈ, না মিলে সো বুট।” — কার লেখা কোন্ রচনার অংশ? পঙক্তিটি কোন্ কবির রচনা?
- ঝ) ‘বাঙালির আত্মপরিচয়’ প্রবন্ধটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ঞ) “বাংলাদেশে ফেরা” — প্রবন্ধ সংকলনটি কত সালে প্রকাশিত হয়? প্রবন্ধটি রচিত হয় কোন্ সময়ে?
- ট) “আমাদের জেনারেশনের একটি বড় স্বপ্ন এর বাস্তবায়ন করা” — রচনার অংশটি কার লেখা? বড় স্বপ্নটি কী?
- ঠ) ‘কবর’ নাটকটি কত সালে প্রকাশিত হয়? নাট্যকার নাটকটি কোথায় বসে রচনা করেন?
- ড) “আপনার চাকরি নেয়া সার্থক হয়েছে। এবার একটু বসে আরাম করুন। ভয়ঙ্কর ঠাণ্ডা আপনার পা সুন্দা কাঁপছে।” — কে, কাকে একথা বলেছেন?

ঢ) “লাশ দেখলেই ও মুখের মধ্যে ভাত গুঁজে দিতে চাই — কারণ, ওর ধারণা মানুষ শুধু একরকমেই মরতে পারে! খেতে না পেয়ে। পাগল। বন্ধ পাগল!” — কার সম্পর্কে এ কথা বলা হয়েছে? কে একথা বলেছেন?

ণ) ‘কবর’ নাটকটি কোন্ আন্দোলনের প্রেক্ষাপটে রচিত? ‘কবর’ নাটকের কয়টি অংক বিভাজন ও দৃশ্য বিভাজন রয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) ‘মানুষ’ কবিতায় কবি নির্মলেন্দু গুণ ‘মানুষ’ হওয়ার জন্য যে যে গুণ বা বৈশিষ্ট্যের কথা বলেছেন তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) কবি দাউদ হায়দার ‘তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে’ কবিতায় যুদ্ধোত্তর বাংলাদেশের যে চিত্র তুলে ধরেছেন তা সংক্ষেপে ব্যক্ত করো।

গ) “সেই একই গল্প, স্বামী ভাত দেয় না, তাড়িয়ে দিয়েছিল, না হয় নিজে গায়েব হয়ে গেছে” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

ঘ) “ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই/মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই?” — কোন্ প্রসঙ্গে গল্পকার একথা বলেছেন? এরূপ বলার কারণ কি?

ঙ) “আমরা আরো একটু যোগ করে বলতে পারি যে, বহুকাল হতে বাংলাদেশে লোককাহিনীগুলোও একই প্রমাণ দেয়।” — লোককাহিনীগুলি কী প্রমাণ দেয় তা আলোচনা করে বুঝিয়ে দাও।

চ) মুনীর চৌধুরী রচিত ‘কবর’ নাটকে উল্লেখিত ‘নেতা’ চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) কবি শামসুর রাহমান রচিত “স্বাধীনতা তুমি” কবিতার মূলভাবটি কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) সৈয়দ ওয়ালীউল্লাহের ‘কেরায়া’ ছোট গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

গ) হাসান আজিজুল হকের ‘জননী’ গল্প অবলম্বনে ‘আয়েশা’ চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) মুনীর চৌধুরী রচিত ‘কবর’ নাটকের গঠন কৌশল আলোচনা করো।